



নংঃ ১৯.০১.২৩০১.২০০.৯৯.০০১.১৭-৮৭৮

তারিখঃ ২৪ নভেম্বর ২০২৩

মাদাগাস্কার ও সেশেলসের প্রবাসী বাংলাদেশিদের জন্য বিজ্ঞপ্তি

**বিষয়ঃ পাসপোর্ট রি-ইস্যু।**

মাদাগাস্কার ও সেশেলসের অনেক প্রবাসী বাংলাদেশি পাসপোর্টের মেয়াদ শেষ হয়ে যাওয়ার অনেক পরে পাসপোর্ট রি-ইস্যুর জন্য আবেদন করে থাকেন। ফলে, পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে অনাকাঙ্খিত জটিলতা ও বিলম্ব হয়ে থাকে। তাই, মাদাগাস্কার ও সেশেলসের প্রবাসী বাংলাদেশিদের পাসপোর্টের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পূর্বেই (০৩ থেকে ০৬ মাস পূর্বে) পাসপোর্ট রি-ইস্যুর আবেদন করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে। পাসপোর্ট রি-ইস্যুর জন্য মাদাগাস্কার ও সেশেলসের সংশ্লিষ্ট সকলকে দয়া করে নিম্নোক্ত ধাপ গুলো অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছেঃ

**ক) প্রয়োজনীয় কাগজ-পত্রঃ**

১. যথাযথ ভাবে পুরণকৃত পাসপোর্ট রি-ইস্যু ফরম (কপি সংযুক্ত)।
২. বর্তমান/সর্বশেষ পাসপোর্টের জীবনী পাতার পরিষ্কার ফটোকপি।
৩. পাসপোর্ট হারিয়ে যাওয়ার ক্ষেত্রে, স্থানীয় পুলিশের নিকট সাধারণ ডায়েরি করে তার ফটোকপি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
৪. তথ্য পরিবর্তন বা সংশোধনের ক্ষেত্রে, বাংলাদেশ পাসপোর্ট অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র ফরমের সাথে সংযুক্ত করতে হবে। এ প্রসঙ্গে, বাংলাদেশ পাসপোর্ট অধিদপ্তরের ওয়েবসাইট [www.dip.gov.bd](http://www.dip.gov.bd) দেখার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৫. রি-ইস্যু ফি (১০০ মার্কিন ডলার/সমমূল্যের স্থানীয় মুদ্রা) নিম্নোক্ত ব্যাংক একাউন্টে জমা দেয়ার স্লিপঃ  
Mauritius Commercial Bank (MCB)  
Account name: Bangladesh High Commission  
Account number: 000441632904

খ) উপরে উল্লেখিত সকল কাগজপত্র স্ক্যান করে একটি পিডিএফ ফাইল বানিয়ে নিম্নের ইমেইলে পাঠাতে হবেঃ

[consular.portlouis@mofa.gov.bd](mailto:consular.portlouis@mofa.gov.bd)

গ) উপরে উল্লেখিত সকল কাগজপত্র ও কন্সুলার কর্মকর্তা কর্তৃক যাচিত অন্যান্য কাগজপত্র ইমেইলের মাধ্যমে প্রেরণ করার পরবর্তী ০৫ কর্মদিবসের মধ্যে আবেদনটি এনরোল করা হবে। এনরোলমেন্ট স্লিপ ইমেইলের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করা হবে।

ঘ) আবেদনকারীগণ পাসপোর্ট রি-ইস্যুর স্ট্যাটাস [www.passport.gov.bd](http://www.passport.gov.bd) ওয়েবসাইটটি থেকে জানতে পারবেন।

ঙ) পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা থেকে নতুন পাসপোর্ট হাইকমিশনে আসার পরে ইমেইলের মাধ্যমে আবেদনকারীকে জানানো হবে। এ সংক্রান্ত তালিকা হাইকমিশনের অফিশিয়াল ফেসবুক পেজ-এও প্রকাশ করা হবে।

চ) পরবর্তীতে, মাদাগাস্কার ও সেশেলসের প্রবাসী বাংলাদেশিরা মূল্যপরিশোধ পূর্বক নির্ভরযোগ্য কোনো কুরিয়ার সার্ভিসের মাধ্যমে হাইকমিশন থেকে পাসপোর্ট সংগ্রহ করতে পারবেন। এ বিষয়ে কন্সুলার কর্মকর্তাকে ইমেইলের মাধ্যমে অবহিত করতে হবে।

তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

১. ইমেইলঃ [consular.portlouis@mofa.gov.bd](mailto:consular.portlouis@mofa.gov.bd)

২. টেলিফোনঃ +২৩০-২১২ ৯৫২৭ (মরিশাস স্থানীয় সময় সকাল ৮.৩০টা থেকে বেলা ২টা পর্যন্ত)

